

বৃত্তির আবেদন ফরম পূরণের প্রয়োজনীয় নির্দেশিকা :-

- সকল তথ্য বাংলায় পূরণ করতে হবে। তবে “আবেদনকারীর নাম(ইংরেজিতে)” এর ঘরে বড় হাতের ইংরেজি অক্ষরে পূরণ করতে হবে এবং ই-মেইল ঠিকানা ইংরেজিতে পূরণ করতে হবে।
- পিতা/মাতা মৃত হলে নির্দিষ্ট ঘরে পিতা/মাতা-এর নামের পূর্বে “মৃত” শব্দটি উল্লেখ করতে হবে এবং পেশা ও মোবাইল নম্বর এর ঘর দুটি পূরণ করতে হবে না।
- বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে দাবীকৃত কোটার সপক্ষে যথাযথ প্রমাণপত্র সংযুক্ত করতে হবে। পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট/নিয়ন্ত্রনকারী/ তদারককারী কর্মকর্তার নিকট হতে প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক সংযুক্ত করতে হবে।
- কোন প্রার্থী আবেদন ফরমের “সম্প্রদায়” এর ঘরে উল্লিখিত, সম্প্রদায় ব্যতীত অন্য কোন সম্প্রদায়ভুক্ত হলে তাঁকে “অন্যান্য” তে ক্লিক করে “সম্প্রদায়” কলামটি পূরণ করতে হবে।
- যে কোন ব্যাংকের কোন নির্দিষ্ট একটি একাউন্ট কেবল একজন আবেদনকারী একবার ব্যবহার করতে পারবেন। একাধিক আবেদনকারী কোন ব্যাংকের কোন নির্দিষ্ট একাউন্ট উল্লেখ করলে আবেদনটি স্বয়ংক্রিয় ভাবে অসম্পূর্ণ থেকে যাবে।
- আবেদনকারীর ছবির আকার অবশ্যই (৩০০×৩০০ হতে হবে এবং ফাইলের সাইজ ১০০KB এর ছোট হতে হবে)। ছবির ব্যাকগ্রাউন্ড নীল/সাদা হতে হবে এবং পাসপোর্ট সাইজের হবে।
- আবেদনকারীর স্বাক্ষরের ছবির আকার অবশ্যই (৩০০×৮০ হতে হবে এবং ফাইলের সাইজ ১০০KB এর ছোট হতে হবে)।
- অন্যান্য সংযুক্ত কাগজপত্রের ছবির আকার অবশ্যই(১০০০×৭৫০ হতে হবে এবং ৩০০ KB এর ছোট হতে হবে)।
- “বর্তমান পড়াশোনার বিবরণ” অংশের “শ্রেণি/ডিগ্রি” এবং “বিষয়/বিভাগ” -এ দু’টি ঘরে বর্তমান যে “শ্রেণি/ডিগ্রি” এবং “বিষয়/বিভাগ”-এ অধ্যয়নরত তা’ উল্লেখ করতে হবে।
- “বর্তমান পড়াশোনার বিবরণ” অংশের “সর্বশেষ উত্তীর্ণ শ্রেণি/ডিগ্রি”, “সর্বশেষ সেমিস্টার/বর্ষ” এবং “সর্বশেষ উত্তীর্ণ সেমিস্টার/বর্ষের জিপিএ/বিভাগ” - এর ঘরগুলো পূরণের ক্ষেত্রে সর্বশেষ যে পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে ঐ পরীক্ষার তথ্য দিয়ে পূরণ করতে হবে।
- আবেদন ফরমের নিচের অংশে “ছবি আপলোড করুন” অংশের “২. সর্বশেষ সেমিস্টার/লেভেল/বর্ষের নম্বরপত্র অথবা সার্টিফিকেট” ঘরে সার্টিফিকেট আপলোড করার ক্ষেত্রে উক্ত পরীক্ষার ফলাফলের মূল সার্টিফিকেট স্ক্যানিং করে আপলোড করতে হবে।
- “কাগজসমূহের ছবি আপলোড করুন” অংশের “৩. শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত” ঘরে আবেদনকারী বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে বর্তমানে অধ্যয়নরত শ্রেণি/ডিগ্রি-র সপক্ষে মূল প্রত্যয়নপত্র স্ক্যানিং করে আপলোড করতে হবে।
- আবেদনকারী ছবি, স্বাক্ষর এবং কাগজপত্র সমূহের ছবি স্ক্যানিং করে আপলোড করার ক্ষেত্রে উল্লিখিত ছবি, স্বাক্ষর এবং কাগজপত্রসমূহ নির্ধারিত আকার এবং ফাইল সাইজ অনুযায়ী আপলোড করতে হবে। (স্ক্যানিং ব্যতিত ক্যামেরা/মোবাইলে তোলা ছবি গ্রহণযোগ্য হবে না)

- আবেদন ফরমের নির্দিষ্ট “সিকিউরিটি কোড”-টি সংশ্লিষ্ট খালি ঘরে নির্ভুলভাবে উল্লেখ করতে হবে।
- কোন আবেদন সফলভাবে সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে একটি “আইডি নম্বর” স্ক্রিনে দেখা যাবে। আবেদনকারী ঐ আইডি নম্বরটি সংরক্ষণ করে রাখবেন।